২০/৯/২০০১

ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১০ কলাম ... ৬.....

উপাচার্য নিয়োগ-অপসারণ ইস্যু

# তত্ত্বাবধায়ক সরকারের নিন্দায় ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : কয়েকটি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগের ক্ষেত্রে তত্ত্বাবধায়ক সরকারের প্রতিবন্ধকতা সৃষ্টি এবং সম্প্রতি উপাচার্য অপসারণের বিষয়টিকে অগণতান্ত্রিক ও নিয়মবহির্ভূত হিসেবে অভিহিত করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি।

গত বৃহস্পতিবার শিক্ষক সমিতির কার্যকর পরিষদের এক সভায় তত্ত্বাবধায়ক সরকারের এহেন কার্যকলাপের নিন্দা জানানো হয়।

বিধিমোতাবেক যে সব বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগের সিদ্ধান্ত হয়েছিল অবিলম্বে ঐ সব বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের নিয়োগপত্র ইস্যু করার জন্য সভায় জোর দাবি জানানো হয়। এ ছাড়া প্রচলিত বিধি ভঙ্গ করে ও অন্যায়ভাবে উপাচার্য অপসারণের সরকারি সিদ্ধান্ত বাতিলের জন্যও শিক্ষক সমিতির উক্ত সভায় জোর দাবি জানানো হয়।

এদিকে ঢা.বি শিক্ষক সমিতি মার্কিন যুক্তরাষ্ট্রে সংঘটিত ভয়াবহ সন্ত্রাসী ঘটনায় নিহতদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন এবং নির্বিচারে নিরপরাধ সাধারণ জনগণের ব্যাপক হত্যাকাণ্ডে গভীর শোক প্রকাশ করেছে।

শিক্ষক সমিতির সভাপতি এবং সাধারণ সম্পাদক স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে গণতন্ত্র, স্বাধীনতা ও মানব সভ্যতার প্রতি চরম হুমকি এ ধরনের সন্ত্রাসী কার্যকলাপ থেকে বিরত থাকার জন্য আহ্বান জানানো হয়।

জাবির ১০৬ শিক্ষকের বিবৃতি

# জাতীয় বিশ্ববিদ্যালয় ও কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসিদের স্বপদে বহাল করুন

জাতীয় বিশ্ববিদ্যালয় ও কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের স্বপদে বহালের দাবি জানিয়েছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ১০৬ শিক্ষক।

এক যুক্ত বিবৃতিতে শিক্ষকরা গণতান্ত্রিকভাবে নির্বাচিত সরকারের নিয়োগকৃত জাতীয় ও কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদ্বয়কে অপসারণ করার তীব্র নিন্দা জানিয়ে বলেন, অন্যায় এবং অগণতান্ত্রিকভাবে তাদের অপসারণ করেছে তত্ত্বাবধায়ক সরকার।

বিবৃতিতে শিক্ষকগণ বলেন, বিগত ৫ বছরে বিশ্ববিদ্যালয়সমূহে সেশনজট অনেকটা কমে আসলেও তত্ত্বাবধায়ক সরকারের সময়ে তার ব্যতিক্রম লক্ষ্য করা যাচ্ছে।

তত্ত্বাবধায়ক সরকার বিশ্ববিদ্যালয়গুলোর প্রকৃত সমস্যার প্রতি নজর না দিয়ে শুধুমাত্র বদলি বা নিয়োগ বাতিলের প্রতি মনোনিবেশ করছেন বলে শিক্ষকগণ বিবৃতিতে উল্লেখ করেন।

বিজ্ঞপ্তিতে স্বাক্ষর করেন অধ্যাপক আমির হোসেন খান, অধ্যাপক মাহমুদ খান আহমেদ, অধ্যাপক শাহীন এম কবির, অধ্যাপক এম এস রহমান প্রমুখ।